# দায়ূদ -১



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.










বিচারকর্তৃগণ ২:১৬-১৭




বিচারকর্তৃগণ ২:১৮; ১ শমূয়েল ৭:৩; ১ শমূয়েল ৮:১-৩


আপনি বুড়ো হয়ে গেছেন, আর আপনার ছেলেরাও আপনার পথে চলছে না।
আমাদের পরিচালনা দেবার জন্য একজন রাজা প্রয়োজন--
--ঠিক অন্যান্য জাতিদের যেমন আছে।
হ্যাঁ, আমাদের জন্য একজন রাজা নিযুক্ত করুন। আপনি আমাদেরকে নেতৃত্ব দেবার জন্য আর বেশি দিন থাকবেন না।
লোকদের এই কথাটা শমূয়েলের কাছে ভাল মনে হল না, সেইজন্য তিনি সদাপ্রভুর কাছে তাদের অনুরোধের বিষয়ে প্রার্থনা করতে লাগলেন।
"লোকেরা তোমাকে যা বলছে তুমি তা-ই কর; তারা তোমাকে অগ্রাহ্য করে নি, আসলে আমাকেই অগ্রাহ্য করেছে যেন আমি তাদের উপর রাজত্ব না করি।"
"মিসর দেশ থেকে তাদের বের করে আনবার পর থেকে আজ পর্যন্ত, তারা আমার প্রতি যা করেছে তোমার প্রতিও তা-ই করেছে; আমাকে বাদ দিয়ে তারা দেব-দেবতার পূজা করেছে।"
"এখন তুমি তাদের কথা মেনে নাও; তবে তুমি তাদের সাবধান করে বলে দাও যে, তাদের উপর যে রাজা রাজত্ব করবে সে তাদের উপর কি রকম ব্যবহার করবে।"

১ শমূয়েল ৮:১-১০


তোমরা জান না তোমরা কি চাইছো।
যদি তোমরা তোমাদের উপর ঈশ্বরের রাজত্ব না চাও, কিন্তু পরিবর্তে রাজা চাও...
... এইগুলি তিনি করবেন...
তিনি তোমাদের ছেলেদের নিয়ে সৈন্য হিসাবে কাজে লাগাবেন এবং তাদের কেউ কেউ হবে রথ-চালক আর কেউ কেউ হবে ঘোড়সওয়ার।
তিনি নিজের জন্য কাউকে কাউকে হাজার সৈন্যের উপরে আর কাউকে কাউকে পঞ্চাশজন সৈন্যের উপরে সেনাপতি নিযুক্ত করবেন...
কাউকে তিনি তাঁর জমি চাষের ও ফসল কাটবার কাজে লাগাবেন।
তোমাদের মেয়েদের দিয়ে তিনি সুগন্ধি তৈরী, রান্নাবান্না ও রুটি সেঁকবার কাজ করাবেন।
তোমাদের শস্য ও আংগুরের দশ ভাগের এক ভাগ নিয়ে তিনি তাঁর রাজকর্মচারী ও অন্যান্য কর্মচারীদের দেবেন।

১শমূয়েল ৮:১১-১৬


যখন সেই দিন আসবে, তোমরা তোমাদের বেছে নেওয়া রাজার থেকে মুক্তি পাবার জন্য কাঁদবে...
...এবং সেইদিন সদাপ্রভু তোমাদের ডাকে সাড়া দেবেন না।
না!
আমরা আমাদের উপরে একজন রাজা চাই।
তাহলে আমরা অন্য সব জাতির মত হতে পারব, আমাদের রাজা আমাদের শাসন করবেন এবং আমাদের আগে আগে থেকে যুদ্ধ করবেন।
শমূয়েল আবারও লোকদের সব কথা শুনলেন, এবং সদাপ্রভুর কাছে তা বললেন।
"তুমি তাদের কথা শোন- এবং তাদের জন্য তুমি একজন রাজা নিযুক্ত কর।"

১ শমূয়েল ৮:১৮-২২


সেখানে একজন সম্মানিত লোক ছিলেন যার শৌল নামে একজন ছেলে ছিল।
শৌল ছিলেন একজন আকর্ষনীয় লোক ও তার চারপাশের সকল লোকদের মধ্যে লম্বা।
শৌলের বাবার যে সব গাধী ছিল সেগুলো একদিন হারিয়ে গেল।
শৌল ও তার বাবার একজন চাকর পাহাড়ী এলাকায় এবং তার আশেপাশের এলাকায় গাধীগুলোকে খুঁজতে লাগলেন।
দেখুন, এই শহরে ঈশ্বরের একজন লোক থাকেন; তাঁকে সবাই সম্মান করেন, এবং তিনি যা বলেন তা সত্যিসত্যিই ঘটে।
লোকটিকে আমরা কি দিতে পারি? আমাদের থলির মধ্যে যে খাবার ছিল তা তো শেষ হয়ে গেছে। ঈশ্বরের লোককে দেবার জন্য কোন উপহারও আমাদের কাছে নেই।
আমাদের কি আছে?
দেখুন, আমার কাছে তিন গ্রাম রূপা আছে।
এখানে কি সেই নবী আছে?
হ্যাঁ, আছেন; আর একটু সামনে এগিয়ে যান।
আপনারা তাড়াতাড়ি যান; তিনি আজই আমাদের শহরে এসেছেন, কারণ উপাসনার উঁচু স্থানে আজ লোকেরা পশু-উৎসর্গের অনুষ্ঠান করবে।
আপনারা তাঁকে খুঁজে পাবেন তিনি পাহাড়ের উপরে যাবার আগেই। তিনি না যাওয়া পর্যন্ত লোকেরা খাওয়া-দাওয়া করবে না, কারণ তাঁকে উৎসর্গের জিনিস আশীর্বাদ করতে হবে।

১ শমূয়েল ৯:১-১৩


কিন্তু এই দিন আসবার আগেই, সদাপ্রভু শমূয়েলের কাছে এই কথা প্রকাশ করেছিলেন..
“আগামীকাল এই সময়ে আমি বিন্যামীন-গোষ্ঠীর এলাকার একজন লোককে তোমার কাছে পাঠাব।”
“আমার লোকদের অর্থাৎ ইস্রায়েলীয়দের নেতা হবার জন্য তুমি তাকে অভিষেক করবে; পলেষ্টীয়দের হাত থেকে সে-ই আমার লোকদের উদ্ধার করবে।”
“আমার লোকদের দিকে আমি মনোযোগ দিয়েছি, কারণ তাদের কান্না আমার কানে এসে পৌঁছেছে।”
“দেখ, এ-ই সেই লোক যার কথা আমি তোমাকে বলেছিলাম; এ-ই আমার লোকদের শাসন করবে।”
দয়া করে আমাকে বলবেন নবীর বাড়ীটা কোথায়?
আমিই নবী।

১ শমূয়েল ৯:১৪-১৯


শমূয়েল ঈশ্বরের সমস্ত নির্দেশনা অনুসরণ করলেন-এবং শৌলকে ইস্রায়েল জাতির প্রথম রাজা হিসেবে নিযুক্ত করলেন।


শৌলকে নিযুক্ত করার পরে শমূয়েল, সমস্ত ইস্রায়েল জাতিকে একত্রিত করলেন তাঁর শেষ, কথা বলার জন্য।


তোমরা আমাকে যা যা বলেছ আমি তা সবই শুনেছি এবং তোমাদের উপরে একজন রাজা নিযুক্ত করেছি।
এই রাজা-এখন তোমাদের পরিচালক।
তোমরা যদি সদাপ্রভুকে ভক্তিপূর্ণ ভয় কর এবং তাঁর সেবা কর ও তাঁর বাধ্য হয়ে তাঁর আদেশের বিরুদ্ধে না চল, আর যিনি তোমাদের শাসন করবেন সেই রাজা ও তোমরা যদি তোমাদের ঈশ্বর সদাপ্রভুর ইচ্ছামত চল - তবে ভালই!
কিন্তু যদি তোমরা সদাপ্রভুর বাধ্য না হও , এবং তাঁর আদেশের বিরুদ্ধে চল, তবে তিনি যেমন তোমাদের পূর্বপুরুষদের শাস্তি দিয়েছিলেন, তেমনি তোমাদেরও দেবেন।


তাঁর কথা শেষ হবার পরে শমূয়েল সদাপ্রভুর কাছে প্রার্থনা করলেন, এবং তিনি সেই দিনই মেঘের গর্জন ও বৃষ্টি পাঠিয়ে দিলেন।
তখন, সবাই সদাপ্রভু ও শমূয়েলকে ভয় করতে লাগল।

১ শমূয়েল ১২:১-১৮




১ শমূয়েল ১০:৮ ১৩:৫-৯




১ শমূয়েল ১৩:১০-১৪




১ শমুয়েল ১৩:১৬-১৪:৬


পলেষ্টীয়দের ছাউনির গিরিপথের দু'পাশটা ছিল খাড়া উঁচু পাথরের দেয়ালের মত।
উঁচুতে অবস্থানের জন্য-ছাউনি থেকে সৈন্যদের বের করে আনা সহজ।
আমরা ওপাশে ওদের দিকে গিয়ে ওদের দেখা দেব। ওরা যদি আমাদের বলে, 'দাঁড়াও, আমরা তোমাদের কাছে আসছি,' তাহলে আমরা যেখানে থাকব সেখান থেকে আর ওদের কাছে উঠে যাব না।
কিন্তু যদি ওরা বলে, 'আমাদের কাছে উঠে এস, ' তাহলে আমরা উঠে যাব, সদাপ্রভু যে আমাদের হাতে ওদের তুলে দিয়েছেন ওটাই হবে আমাদের কাছে তার চিহ্ন।
চলুন- আপনার ইচ্ছামতই আমি চলব।
ঐ দেখ! গর্তে লুকানো ইব্রীয়েরা বের হয়ে আসছে।
আমাদের কাছে উঠে আয়, তোদের দেখিয়ে দিচ্ছি।

১ শমূয়েল ১৪:৮-১২




১ শমূয়েল ১৪:১২-১৪




১ শমূয়েল ১৪:১৫-২৪




১ শমূয়েল ১৪: ২৪-৪৫




১ শমূয়েল ১৫:১ - ১৬:১৩



বেৎলেহম নগরে উপস্থিত হবার পরে, পশু উৎসর্গ অনুষ্ঠানের পূর্বে যিশয় তাঁর সব ছেলেদের শমূয়েলের সামনে নিয়ে এসেছিলেন।
নিশ্চয়ই সদাপ্রভুর অভিষিক্ত লোকটি তাঁর সামনে এসে দাঁড়িয়েছে।
“তার চেহারা কি রকম কিম্বা সে কতটা লম্বা তা তুমি দেখতে যেয়ো না, কারণ আমি তাকে অগ্রাহ্য করেছি।”
“মানুষ যা দেখে সদাপ্রভু তা দেখেন না।”
“মানুষ দেখে বাইরের চেহারা, কিন্তু সদাপ্রভু দেখেন অন্তর।”
এরা ছাড়া কি তোমার আর ছেলে নেই?
সবচেয়ে ছোটটি বাকী আছে--
--কিন্তু সে ভেড়া চরাচ্ছে।
তাকে ডাকতে পাঠাও; সে এখানে না আসা পর্যন্ত আমরা খেতে বসব না।
সে এখন এখানে এসেছে।
“এ-ই সেই লোক, তুমি গিয়ে তাকে অভিষেক কর।”
শমূয়েল তখন তেলের শিঙা নিয়ে তাঁর ভাইদের মাঝখানে তাঁকে অভিষেক করলেন, এবং সেই দিন থেকে সদাপ্রভুর আত্মা দায়ূদের উপর আসলেন।


১ শমূয়েল ১৬: ৫ - ১৩




১ শমুয়েল ১৬: ১৪ - ২৩


শীঘ্রই পলেষ্টীয়েরা যুদ্ধের জন্য সৈন্য জড়ো করে নিয়ে যিহূদা-গোষ্ঠীর এলাকার সোখোতে গেল, একই সময় ইস্রায়েলীয়রা জড়ো হল এবং এলা উপত্যকায় ছাউনি ফেলল।
এক দিকের পাহাড়ে দাঁড়াল পলেষ্টীয়েরা এবং অন্য দিকের পাহাড়ে দাঁড়াল ইস্রায়েলীয়েরা।
কিন্তু ইস্রায়েলীয়দের শত্রুরা সাথে করে একটি গোপন হাতিয়ার নিয়ে এসেছিল।
গাৎ শহরের গলিয়াৎ ছিল লম্বায় সাড়ে ছয় হাত।
তিনি যে বর্ম পরেছিলেন তার ওজন ছিল ষাট কেজি।
তার বর্শার ডাঁটিটা ছিল তাঁতীদের বীমের মত আর সেটার লোহার ফলাটার ওজন ছিল সাত কেজি দু'শো গ্রাম।
তাকে একদম অপরাজেয় মনে হচ্ছিল।


প্রতিদিন তিনি টিটকারি দিতে বের হয়ে আসতেন এবং ইস্রায়েলের সৈন্যদের যুদ্ধ করার জন্য বলতেন।
কেন তোমরা যুদ্ধের জন্য সৈন্য সাজাতে এসেছ?
আমি কি একজন পলেষ্টীয় নই, আর তোমরা কি মাত্র শৌলের চাকর নও?
তোমাদের পক্ষ থেকে তোমরা একজনকে বেছে নাও সে আমার কাছে নেমে আসুক।
যদি সে আমার সংগে যুদ্ধ করে আমাকে মেরে ফেলতে পারে তাহলে আমরা তোমাদের চাকর হব; কিন্তু যদি আমি তাকে মেরে ফেলতে পারি তবে তোমরা আমাদের চাকর হয়ে চাকরের কাজ করবে।
১ শমুয়েল ১৭: ৮-১০




১ শমুয়েল ১৭: ১৭ -৩০




১ শমুয়েল ১৭: ৩১ - ৩৫




১ শমুয়েল ১৭: ৩৬-৪০




১ শমুয়েল ১৭: ৪২ - ৪৫




১ শমুয়েল ১৭: ৪৬-৪৮





১ শমুয়েল ১৭: ৪৮




১ শমুয়েল ১৭: ৪৯




১ শমুয়েল ১৭:৫০-৫১










১শমুয়েল ১৭: ৫২-৫৩




১শমুয়েল ১৭ : ৫৭-৫৮


তুমি কি শুনেছ? একজন যুবক দৈত্যাকার গলিয়াৎকে মেরেছে!
এটা সত্য - যা এখনও কোন মানুষ করতে পারেনি।
কে তিনি?
দায়ূদ। বেথলেহেমের দায়ূদ।
দায়ূদের এই গল্প এবং তাঁর দৈত্যাকার লোকের উপর অবিশ্বাস্য জয়লাভ ইস্রায়েলের সমস্ত গ্রাম ও শহরে ছড়িয়ে পড়েছিল।
দায়ূদের জনপ্রিয়তা ও খ্যাতি বেড়ে গিয়েছিল।
সদাপ্রভু দ্বারা আশীর্বাদপ্রাপ্ত এবং সুরক্ষিত একজন মানুষ। ঈশ্বর তাঁর সাথে আছেন।
এই সেই দৈত্যাকার লোকের হত্যাকারী!
সে দেখতে খুবই সুন্দর!
আর শক্তিশালী - এবং বাহাদুর!
রাজ পরিবারে তোমার জন্য তোমার নিজের ঘর আছে।
রাজা শৌল দায়ূদকে নিজের কাছে রাখলেন; তাঁর বাবার কাছে আর তাঁকে ফিরে যেতে দিলেন না।

১ শমুয়েল ১৮:২

"THE BIBLE EXPLAINED
IN EVERY LANGUAGE."








SUPERBIBLE.TV